# ২৯/০৩/২০২৬ খ্রিঃ রোজ রবিবার উপজেলা কৃষি পুনবার্সন বাস্তবায়ন কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সময় ঃ সকাল ১১.০০ টা।
স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাহুবল, হবিগঞ্জ ।

সভাপতি ঃ জনাব উজ্জ্বল রায়
উপজেলা নির্বাহী অফিসার
বাহুবল, হবিগঞ্জ।

সভায় সদস্য বৃন্দের উপস্থিতি পরিশিষ্ট "ক" তে বর্ণিত।

উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনবার্সন বাস্তবায়ন কমিটি, বাহুবল, হবিগঞ্জ মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি মহোদয় উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনবার্সন বাস্তবায়ন কমিটি, বাহুবল, হবিগঞ্জকে সভা পরিচালনার অনুরোধ করেন। সভায় নিম্নোক্ত আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্র. ন.</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr>
<td>০১</td>
<td>উপজেলা কৃষি অফিসার, বাহুবল, হবিগঞ্জ সভায় জানান, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, হবিগঞ্জ এর স্মারক নং-১২.১৭.৩৬০০.০০০.৩৮.০০০.২৫-৩০২ তারিখ-১২/০৩/২০২৫ খ্রি. মূলে ২০২৫-২৬ অর্থ বছরে খরিফ-১/২০২৬-২০২৭ উৎপাদন মৌসুমে উফশী আউশ আবাদ ও উৎপাদন বৃদ্ধি লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনা মূল্যে বীজ ও সার সরবরাহ সহায়তা প্রদানের নিমিত্তে বাহুবল উপজেলার জন্য উফশী আউশ ফসলে ৪,০০০ জন/বিঘা কেজি বরাদ্দ পাওয়া গিয়াছে। ২০,০০০ কেজি উফশী আউশ ধান বীজ এর মূল্য বাবদ ১৩,৪০,০০০/-(তের লক্ষ চল্লিশ হাজার), ডিএপি সার ৪০,০০০ কেজি এর মূল্য ৭,৬০,০০০/-(সাত লক্ষ ষাট হাজার), এমওপি সার ৪০,০০০ কেজি এর মূল্য ৭,২০,০০০/- (সাত লক্ষ বিশ হাজার) পরিবহন ও আনুষাংগিক ব্যয় বাবদ ২,৩০,০০০/-(দুই লক্ষ ত্রিশ হাজার) টাকাসহ সর্বমোট ৩০,৫০,০০০/- (ত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার ) টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে।<br>প্রতি কৃষক পরিবার এক বিঘা জমি আবাদের জন্য পাবেনঃ
<table>
<tr><th>ক্র.ন.</th><th>ফসলের নাম</th><th>বীজ (কেজি)</th><th>ডিএপি সার (কেজি)</th><th>এমওপি সার (কেজি)</th></tr>
<tr><td>০১</td><td>উফশী আউশ</td><td>৫</td><td>১০</td><td>১০</td></tr>
</table>
এছাড়া প্রতি ব্লকে উফশী আউশ চাষের উপযোগি জমি ও উপযুক্ত আগ্রহী কমপক্ষে ০৫-১০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন করা যাদের পাশাপাশি আবাদি জমি থাকবে এবং যারা দলবদ্ধভাবে কাজ করবে।</td>
<td>উপজেলার বিভিন্ন ইউনিয়নে গত বছরের আউশ আবাদী জমি এবং চলতি খরিফ মৌসুমে উফশী আউশ বীজ ফসল আবাদ সম্ভাবনার উপর ভিত্তি করে চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরে খরিফ-১/২০২৬-২০২৭ মৌসুমে উফশী আউশ ধান আবাদের সম্ভাবনার নিরিখে ইউনিয়ন ওয়ারী বিভাজন সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।
<table>
<tr><th>নং</th><th>ইউনিয়নের নাম</th><th>উপকারভোগী কৃষকের সংখ্যা (জন/বিঘা)</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td></tr>
<tr><td>১</td><td>১নং স্নানঘাট</td><td>৩০</td><td rowspan="8">১ বিঘা জমির জন্য প্রত্যেক কৃষক উফশী আউশ ধান বীজ ৫ কেজি, ডিএপি সার ১০ কেজি এবং এমওপি সার ১০ কেজি করে পাবেন।</td></tr>
<tr><td>২</td><td>২নং পুটিজুরী</td><td>৭০০</td></tr>
<tr><td>৩</td><td>৩নং সাতকাপন</td><td>৫৭০</td></tr>
<tr><td>৪</td><td>৪নং বাহুবল</td><td>৬৮০</td></tr>
<tr><td>৫</td><td>৫নং লামাতাসী</td><td>৬৮০</td></tr>
<tr><td>৬</td><td>৬নং মীরপুর</td><td>৬৮০</td></tr>
<tr><td>৭</td><td>৭নং ভাদেশ্বর</td><td>৬৬০</td></tr>
<tr><td></td><td>মোট ঃ</td><td>৪০০০</td></tr>
</table>
কর্মসুচি প্রাপ্তির পর সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তি কৃষক নির্বাচন করে অগ্রাধিকার তালিকার খসড়া তালিকা প্রস্তত করবেন। পরবর্তীতে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি তালিকা অনুমোদন ক্রমে অগ্রাধিকারপ্রাপ্ত কৃষকের নিকট বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন। সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করা হবে। বিতরণকৃত</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা কৃষি অফিসার/ উপসহকারী কৃষি অফিসার, সংশ্লিষ্ট ইউনিয়ন, বাহুবল</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন। কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ প্রদান করা যাবে না। কৃষক প্রতি মিনি প্যাকেটের ঝামেলা ও ওজনের বিড়ম্বনা এড়াতে অনুমোদিত তালিকাভুক্ত প্রতি পাচ জনের একটি গ্রুপ করে প্রতি গ্রুপে ৫০ কেজি ওজনের এক বস্তা ডিএপি, এক বস্তা এমওপি এবং ২৫ কেজি বীজ সহায়তা সরবরাহ করা হবে।<br>কৃষি মন্ত্রণালয় উপকরণ-২ শাখার স্মারক নং-৮০, তারিখ-০২ মার্চ, ২০২৬ খ্রি. এর কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী এর চার (৪) নাম্বার সিদ্ধান্ত মোতাবেক উপকরণ বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০২ | উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বলেন যে, বরাদ্দপ্রাপ্ত ৪০০০ জন/বিঘা কৃষকের জন্য ২০,০০০ কেজি উফশী আউশ ধান বীজ, ৪০,০০০ কেজি ডিএপি সার ও ৪০,০০০ কেজি এমওপি সার বিএডিসি থেকে সরবরাহ করা হবে। | বিএডিসির সংশ্লিষ্ট ইউনিট থেকে বীজ ও সার সংগ্রহপূর্বরক কৃষকদের মধ্যে বিনামূল্যে বিতরণ করতে হবে। সার ও বীজ বিএডিসি থেকে সংগ্রহ করার পর উপজেলা নির্বাচন অফিস, বাহুবল সংলগ্ন উপজেলা কৃষি অফিস, বাহুবলের খামার যান্ত্রিকীকরণ শেড কাম গোডাউনে গুদামজাত করা হবে এবং সেখান থেকেই কৃষকদের মধ্যে বিতরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সার ও বীজের মূল্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যাংক একাউন্টে ডিডি/ পে অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা কৃষি অফিসার, বাহুবল |
| ০৩ | বিতরণকৃত কৃষক তালিকা সংরক্ষণ বিষয়ে আলোচনা | উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বিতরণকৃত কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি উপপরিচালক, ডিএই, হবিগঞ্জ ও ০১ (এক) কপি মহাপরিচালক, ডিএই বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, বাহুবল |
| ০৪ | বরাদ্দকৃত অর্থ ব্যয়ের বিষয়ে আলোচনা | ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০২৫ অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথভাবে প্রতিপালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা কৃষি অফিসার, বাহুবল |

সভায় আর কোন আলোচনা থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(উজ্জ্বল রায়)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
বাহুবল, হবিগঞ্জ

CamScanner

"কৃষিই সমৃদ্ধি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
বাহুবল,হবিগঞ্জ
http://dae.bahubal.habiganj.gov.bd/

স্মারক নং-১২.১৮.৩৬০৫.০৪১.৩৮.০০৫.২৪- ২৫১ তারিখ ঃ ২৯/০৩/২০২৬ খ্রি.

সদয় অবগতি এবং কার্যার্থে প্রেরণ করা হলো-

১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটি, হবিগঞ্জ ।

২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন কমিটি, হবিগঞ্জ ।

৩। উপজেলা ..............................................অফিসার, সদস্য-উপজেলা কৃষি পুনর্বাসন কমিটি, বাহুবল, হবিগঞ্জ।

৪। চেয়ারম্যান, ..........................................ইউনিয়ন পরিষদ, বাহুবল, হবিগঞ্জ।

৫। জনাব ........................., উপসহকারী কৃষি কর্মকর্তা, ...............ব্লক.................ইউনিয়ন।

৬। অফিস কপি।

29/03/26

(চিন্ময় কর অপু)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
বাহুবল, হবিগঞ্জ
uaobahubal15@gmail.com

CS CamScanner